ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৪৭

আগরতলা, ১৬ মে, ২০২৫

**পিএম পোষণ প্রকল্পের অধীনে নিযুক্ত চুক্তিবদ্ধ কর্মচারিদের বেতন ভাতা বৃদ্ধি**

বর্তমানে ত্রিপুরায় পিএম পোষণ (স্কুল এমডিএম) প্রকল্পের আওতায় সব সরকারি ও সরকার অনুদান প্রাপ্ত বিদ্যালয় এবং মাদ্রাসা সহ ৪,৩৮৩টি বিদ্যালয়ের ৩,৬৯,৮২০ জন ছাত্রছাত্রীকে প্রতি বিদ্যালয় দিবসে 'রান্না করা খাবার' (মিড ডে মিল) পরিবেশন করা হয়। এছাড়াও এই প্রকল্পের মাধ্যমে ধলাই জেলার (অ্যাসপিরেশন্যাল জেলা) অন্তর্গত ছাত্রছাত্রীদের মিড-ডে-মিল এর অতিরিক্ত প্রাত:রাশ প্রদান করা হয়ে থাকে। এর অতিরিক্ত, রাজ্যের মোট ২৪টি নির্দিষ্ট বিদ্যালয়ে (পশ্চিম ত্রিপুরা জেলায় ১২টি এবং ঊনকোটি জেলায় ১২টি) মোট ২৯৯৮ জন ছাত্রছাত্রীকে মিড-ডে-মিল এর পাশাপাশি স্বাস্থ্যকর পানীয় হিসাবে দুধ দেওয়া হয়।

প্রসঙ্গত, রাজ্যে এই প্রকল্পটি সঠিক ভাবে বাস্তবায়ণের জন্য এই প্রকল্পের অধীনে ২৬ জন চুক্তিবদ্ধ কর্মচারি নিযুক্ত আছেন। এদের মধ্যে ৪ জন প্রকল্পের রাজ্য দপ্তরে কর্মরত আছেন এবং বাকি ২২ জন বিভিন্ন জেলা এবং ব্লক স্তরে কর্মরত আছেন। রাজ্য সরকার এই ২৬ জন চুক্তিবদ্ধ কর্মচারির বেতন ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে। বর্তমানে তাদের বেতন ভাতা বাবদ প্রতিবছর ৫৬ লক্ষ টাকা ব্যয় হয়। এই বেতন ভাতা বৃদ্ধির ফলে প্রতি বছর মোট ৭৪ লক্ষ টাকা ব্যয় হবে এবং প্রত্যেকের ৪৮৯ টাকা থেকে ৭৯৪৯ টাকা পর্যন্ত মাসিক বেতন বৃদ্ধি হবে। এই বেতন ভাতা এবছর জুন থেকে কার্যকর হবে। বুনিয়াদি শিক্ষা দপ্তরের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****